"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৬-২০৯ তারিখ ঃ ১১ মে, ২০১৭খ্রিঃ।

বিষয় ঃ যথোপযুক্ত কর্মসংস্থানের লক্ষ্যে এপ্রেন্টিচশীপ প্রোগ্রামের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ।

সূত্র ঃ (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.২০১৭, তারিখঃ ০২ মে, ২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তার বিভাগ সংশ্লিষ্ট কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে বিভাগীয় কমিশনার অফিসে ১০-১৫ জন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করাসহ নির্বাচিত কর্মকর্তাদের নাম ও পদবী উল্লেখসহ পুর্নাঙ্গ তালিকা বিভাগীয় কমিশনার অফিস, এটুআই অফিস এবং অত্র অধিদপ্তরের প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। আগামী ১৬ মে ২০১৭খ্রি বিকাল ৩.৩০ টা থেকে ৫.৩০টা পর্যন্ত বিভাগীয় কমিশনার অফিসে অনুষ্ঠিতব্য সোসাল মিডিয়া সংলাপে প্রতিনিধি দলে তাকে নেতৃত্ব প্রদান এবং অনুষ্ঠান শেষে এতদ্‌সংক্রান্ত বিষয়ে বিস্তারিত প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম এর পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হ'ল।

স্বাক্ষরিত/-
(মোঃ অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ ঃ
১। অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট (ঢাকা বিভাগ)
২। অধ্যক্ষ, ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট (ময়মনসিংহ বিভাগ) ।
৩। অধ্যক্ষ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট (বরিশাল বিভাগ)।
৪। অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট (চট্টগ্রাম বিভাগ)।
৫। অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট (খুলনা বিভাগ)।
৬। অধ্যক্ষ, রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট (রাজশাহী বিভাগ)।
৭। অধ্যক্ষ, রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট (রংপুর বিভাগ)।
৮। অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট (সিলেট বিভাগ)।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৬-২০৯ (২২) তারিখ ঃ ১১ মে, ২০১৭খ্রিঃ।

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাথে অনুলিপিঃ

২ । জনাব কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম।
২-৭ । পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডব্লিউ) , কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮-১৮ । সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৯ । সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
২০ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২১ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২২ । নথি।

11/05/2017

(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক
ফোন-০১৮১৯২০২৪৮৮

E:\PIW All File\ALL DTE\Access of Information (a2i)Program)-11-05-2017.doc

স্মারক নং- ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.২০১৭- ১২১৭

তারিখ: ২ মে ২০১৭

বিষয়ঃ যথোপযুক্ত কর্মসংস্থানের লক্ষ্যে এপ্রেন্টিচশীপ প্রোগ্রামের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ।

উল্লিখিত বিষয়ে আগামি ১৬ মে ২০১৭ বিকাল ৩.৩০ টা থেকে ৫.৩০টা পর্যন্ত সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হবে। উক্ত সংলাপে **এপ্রেন্টিচশীপ প্রোগ্রামের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি, যথোপযুক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি** এবং এ লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ/অধিদপ্তর ও ইন্ডাস্ট্রিসমূহের দায়িত্ব ও করণীয় বিষয়ে পর্যালোচনা করা হবে। সংলাপটি ফেসবুক লাইভে সরাসরি এবং বিটিভিতে ধারণপূর্বক পরবর্তীতে সুবিধাজনক সময়ে সম্প্রচার করা হবে।

২। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সিনিয়র সচিব মহোদয় সংলাপটি সঞ্চালনা করবেন। সকল বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে বিভাগীয় কমিশনারগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংলাপে যুক্ত থাকবেন। একইসাথে মাঠ প্রশাসনের নিম্নবর্ণিত দপ্তরসমূহ হতে বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তা সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে উপস্থিত থাকবেনঃ

ক) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো;
খ) কারিগরি শিক্ষা অধিদপ্তর;
গ) যুব উন্নয়ন অধিদপ্তর;
ঘ) বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (শিল্প ও বণিক সমিতির তালিকাভুক্ত স্থানীয় শিল্প প্রতিষ্ঠানসমূহ)।

৩। উক্ত সংলাপে প্রধানমন্ত্রীর কার্যালয় প্রান্তে উপস্থিত থেকে মূল্যবান মতামত জ্ঞাপনের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম
☎ ৫৫০২৯৫০০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো/কারিগরি শিক্ষা অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর। — বর্ণিত সংলাপে তাঁর দপ্তরের বিভাগ ও জেলা পর্যায়ের অন্যূন ১০-১৫ জন কর্মকর্তার সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার অফিসে যোগদানের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই)। — বর্ণিত সংলাপে তাঁর ফেডারেশনের বিভাগীয় পর্যায়ের অন্যূন ২০ জন শিল্প প্রতিষ্ঠানের মালিকগণকে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার অফিসে যোগদানের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।
৬. প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স/বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি/ বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন/ বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি।
৭. ব্যবস্থাপনা পরিচালক, প্রাণ-আরএফএল গ্রুপ/ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ/ বার্জার পেইন্টস বাংলাদেশ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (উল্লিখিত সোশ্যাল মিডিয়া সংলাপ বাংলাদেশ টেলিভিশনে ধারণপূর্বক ভবিষ্যতে সুবিধাজনক সময়ে সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
২। বিভাগীয় কমিশনার (সকল) [সংশ্লিষ্ট তারিখে তাঁর দপ্তরে ভিডিও কনফারেন্স আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংলাপে সরকারি-বেসরকারি কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, মিডিয়া, সিটিজেন জার্নালিস্ট এবং স্থানীয় জনপ্রতিনিধিগণকে আমন্ত্রণের অনুরোধ করা হলো।
৩। সিনিয়র সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।